

-সংবাদ

সিদ্ধান্ত পরিবর্তন স্কুল কলেজে ছুটি ১৪ জুলাই থেকে

সিদ্ধান্ত পরিবেশক

হরতাল ও অবরোধে ক্লাস না হওয়ার অতি পূর্বেই নিজে রোজা ও ঈদের ছুটি কমানোর ঘোষণা দিলেও সেই সিদ্ধান্ত কেতাপিছু হটেছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষক ও অভিভাবকদের স্বল্প প্রতিক্রিয়ায় এই সিদ্ধান্ত থেকে সরে এসেছে শিক্ষা প্রশাসন।

পরিবর্তিত সিদ্ধান্ত অনুযায়ী সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজগুলোতে রোজা, শবেকদর ও ঈদুল-ফিতরের ছুটি হবে আগামী ১৪ জুলাই থেকে ১২ আগস্ট পর্যন্ত। বর্ষপঞ্জী অনুযায়ী এই ছুটি ছিল ১১ জুলাই থেকে ১২ আগস্ট পর্যন্ত। এর আগে আগামী ১৪ জুলাই (রোববার) থেকে ছুটি শুরু হবে বলে গত স্কুল কলেজে : পৃষ্ঠা : ১৫ ক : ০

স্কুল কলেজে : ছুটি

(১ম পৃষ্ঠার পর)

বৃহস্পতিবার অফিস আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়। ২৭ জুলাই থেকে ছুটি শুরু হওয়ার যে সিদ্ধান্ত গত মঙ্গলবার নেয়া হয়েছিল, তা গতকাল বাতিল করা হয়েছে।

প্রসঙ্গত হরতাল, অবরোধসহ নানা রাজনৈতিক কর্মসূচির কারণে চলতি বছরের শুরু থেকে অনেক দিন ক্লাস হয়নি। হরতালের কারণে এসএসসি ও এইচএসসির বেশ কয়েকটি পরীক্ষাও পেছাতে হয়। এই অতি পোষাতে রোজা ও ঈদের ছুটি ১৭ দিন কমানোর সিদ্ধান্ত নেয় শিক্ষা মন্ত্রণালয়।